

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৩৮.১৯৩.২৩ নথির বিষয়: Internal Beautification works with Winter flower plants Lalmatia office compound at MODS Zone-3,DWASA.

নোট: ১ নোটের বিষয়: Internal Beautification works with Winter flower plants Lalmatia office compound at MODS Zone-3,DWASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৮/১১/২৩ ৩:০১ অপরাহ্ন

ঢাকা মহানগরীর বিস্তীর্ণ ও অতীব গুরুত্বপূর্ণ এলাকা নিয়ে মডস জোন-৩ এর কার্যপরিধি বিদ্যমান। লালমাটিয়া অফিস কম্পাউন্ডটি অধিক গুরুত্বপূর্ণ এবং অনেক বড় আকারের। অত্র অফিস কম্পাউন্ডটি মডস জোন-৩ এর দপ্তর ছাড়াও রাজস্ব জোন-৩, ঢাকা ওয়াসার প্রশিক্ষনকেন্দ্র, দুটি ব্যাংকের বিলিং বুথ, শান্তি পানি বিক্রয় আউটলেট রয়েছে। বিদ্যমান গুরুত্বপূর্ণ গুচ্ছ দাপ্তরিক কাজে প্রতিদিন বিপুল গ্রাহকসহ দেশি-বিদেশি প্রশিক্ষক এবং উপদেষ্টা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ, অত্র অফিস চত্বরে এসে থাকেন। যার জন্য অফিস কম্পাউন্ডটি সুন্দর ও পরিপাটি করে রাখার জন্য বিভিন্ন সময়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ নির্দেশনা দিয়ে থাকেন। আমাদের দেশের আবহাওয়ার সাথে মিল রেখে বিভিন্ন ঋতুতে বিভিন্ন জাতের ও ধরনের ফুল ও শোভাবর্ধনকারী গাছ লাগানো হয়ে থাকে। অত্র অফিস কম্পাউন্ডটি দর্শনীয় স্থানে ও অফিস লবিতে, টবে ও পলিব্যাগে করে ফুলের গাছ রাস্তাসহ স্ট্রলট্যাংকের নীচের ফুলবাগানে চারা লাগানো হয়ে থাকে। অন্যান্য বছরের ধারাবাহিকতায় চলতি মৌসুমেও শীতকালীন বিভিন্ন ফুলের (শোভাবর্ধনকারী গাছসহ) গাছ (চারা, টব ও পলিব্যাগে) লাগানোর জন্য চলতি বাজার দরে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳ ২৩,৭৩৫.০০ (তেইশ হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা মাত্র। অত্র ক্রয় কাজের ব্যয়ভার পিপিআর -২০০৮ এর বিধি ৮১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় -পরিকল্পনার "Office maintenance" খাত (কোড নং-০১-০২-০১২) এর "থোক বরাদ্দ" (ক্রমিক নং-২) হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৮/১১/২৩ ৩:৩০ অপরাহ্ন


এমতাবস্থায়, উপরের বর্ণনার আলোকে Internal Beautification works with Winter flower plants Lalmatia office compound at under MODS Zone-3, Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) সর্বমোট উপস্থাপিত ৳ ২৩,৭৩৫.০০ (তেইশ হাজার সাতশত পঁয়ত্রিশ) টাকা মাত্র এর প্রকল্পনটি অনুমোদন,

খ) পিপিআর -২০০৮ এর বিধি ৮১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি(অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় -পরিকল্পনার "Office maintenace" খাত (কোড নং-০১-০২-০১২) এর "থোক বরাদ্দ" (ক্রমিক নং-২) হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য জন্য উপস্থাপন করা হ'ল।



২৮/১১/২৩ ৪:০২ অপরাহ্ন
শাবানা ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



২৯/১১/২৩ ১১:১৭ পূর্বাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



২৯/১১/২৩ ৩:২১ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

২৯/১১/২৩ ৩:২১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৯/১১/২৩ ৬:৩১ অপরাহ্ন

অনুমোদিত



২৯/১১/২৩ ৬:৩১ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান, হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



৩০/১১/২৩ ২:৪৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

৩০/১১/২৩ ২:৪৬ অপরাহ্ন
শাবানা ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩